

## তুরস্কে যেন পর্যটকের ঢল নেমেছে

- A Monitor Desk Report

Date: 26 November, 2021



তুরস্ক ভ্রমণে বিদেশী পর্যটকদের ঢল নেমেছে। করোনা মহামারির মধ্যেই দেশটিতে গত বছরের চেয়ে কয়েক লাখ বেশি বিদেশি পর্যটক ভ্রমণে এসেছেন।

দেশটির সংস্কৃতি ও পর্যটনমন্ত্রী মেহমেত নুরি ইরসোই জানিয়েছেন, তুরস্ক প্রথমবারের মতো ইউরোপের দেশ স্পেনের চেয়ে বেশি পর্যটককে আতিথ্য দিয়েছে।

দেশটির পার্লামেন্টের বাজেট ও পরিকল্পনা কমিশনকে এ তথ্য জানান সংস্কৃতি ও পর্যটনমন্ত্রী।

মেহমেত নুরি ইরসোই বলেন, সংস্কৃতি ও পর্যটন মন্ত্রণালয়ের সর্বশেষ তথ্য অনুযায়ী, জানুয়ারি থেকে সেপ্টেম্বরের মধ্যে ১ কোটি ৭৬ লাখ বিদেশি পর্যটক তুরস্ক ভ্রমণ করেছেন। যা ২০২০ সালের এ সময়ের চেয়ে ৮৬ শতাংশ বেশি। শুধুমাত্র সেপ্টেম্বরেই ৩৫ লাখ মানুষ তুরস্ক ভ্রমণ করেছেন।

সংস্কৃতি ও পর্যটনমন্ত্রী বলেন, এ বছর পর্যটন খাত থেকে তুরস্ক ২২ বিলিয়ন ডলার আয়ের পরিকল্পনা করেছে। আশা করছে ২৮ মিলিয়ন (২ কোটি ৮০ লাখ) মানুষ ইতিহাস ও ঐতিহ্য সমৃদ্ধ আমাদের দেশে ভ্রমণ করবেন।

‘চলতি বছর পর্যটন থেকে আমাদের আয় ২৪ বিলিয়ন ডলার হতে পারে। তুরস্কে আসা পর্যটকরা প্রতিজন ২০১৮ সালে খরচ করতেন ৬৩০ মার্কিন ডলার। যা ২০২১ সালের প্রথম নয় মাসে বেড়ে দাঁড়িয়েছে ৮৩০ মার্কিন ডলারে।

গত বছর করোনার ভাইরাসের কারণে তুরস্কের পর্যটন খাত ব্যাপক ক্ষতিগ্রস্ত হয়। সে সময় মাত্র ১ কোটি ২৭ লাখ পর্যটক দেশটিতে ভ্রমণ করেছেন। সে বছর পর্যটন থেকে আয় ছিল ১২.১ বিলিয়ন মার্কিন ডলার।

বিশ্বের ভ্রমণ পিপাসুদের অন্যতম গন্তব্য তুরস্ক। অবসর সময় পার করতে বা ছুটি কাটাতে ইউরোপ থেকে প্রতি বছর লাখ লাখ পর্যটক ছুটে আসেন ইস্তানবুল, ইজমির, আঙ্কারা, কাপ্লাডোসিয়া ও এফেসাস শহরে।

--